

💵 পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

8. ১. ৫. খরগোশ জাবর কাটে না!

হালাল ও হারাম প্রাণি বিষয়ে বাইবেল বলছে: "খরগোশ জাবর কাটলেও তার খুর চেরা নয়, সে জন্য তাও তোমাদের পক্ষে নাপাক।" (লেবীয়, ১১/৬, মো.-১৩)

খরগোশ সম্পর্কে অভিজ্ঞ সকল মানুষ, এবং প্রাণি বিজ্ঞানীরা জানেন যে, বাইবেলের এ কথাটা ভুল। কারণ খরগোশ কখনোই জাবর কাটে না। আমেরিকান বাইবেল গবেষক স্কট বিডসট্রাপ (Scott Bidstrup) A Brief Survey of Biblical Errancy: 'বাইবেলীয় ভুলভ্রান্তি বিষয়ক একটা সমীক্ষা' প্রবন্ধে লেখেছেন: "Hares don't chew a cud. Hares are lagomorphs, not ruminants (members of the cattle family). Only ruminants chew cud, lagomorphs do not." "খরগোশ জাবর কাটে না। খরগোশ জাবরবিহীন স্বন্যপায়ী প্রাণি, খরগোশ রোমন্থক শ্রেণির প্রাণি নয় বা গোমহিষাদি পশু নয়। শুধু রোমন্থক- গোমহিষাদি প্রাণি জাবর কাটে; খরগোশ জাতীয় প্রাণি জাবর কাটে না।"[1]

এ প্রসঙ্গে খ্রিষ্টান প্রচারকদের ব্যাখ্যা উল্লেখ করে তিনি বলেন:

The Apologist's Explanation: For hares, they note that rabbits (but don't say anything about hares, which aren't rabbits anyway even though they superficially resemble each other) occasionally chew their fecal pellets as if it were a cud. The Rational Explanation: The author of Leviticus obviously didn't have much of an understanding of the most rudimentary of biological science. A fecal pellet is not a cud. A cud is the product of the rumen, a chamber of the stomach of ruminants. A fecal pellet is a product of the lower intestine. Besides, coprophagy (the eating of excrement) has only very rarely been observed in hares anyway. Again, if this is God's word, he is displaying a good deal of ignorance of what he allegedly created.

"প্রচারকরা এ ভুলের ব্যাখ্যায় বলেন: খরগোশ জাতীয় প্রাণি র্যাবিট কখনো কখনো নিজের বিষ্ঠার দলা চিবায়, এতে মনে হয় যেন তা জাবর কাটছে। স্কট বলেন, প্রচারকরা র্যাবিটের কথা বললেন, কিন্তু বাইবেলে হেয়ার বা খরগোশের কথা বলা হয়েছে, সে বিষয়ে তারা কিছুই বললেন না। আর খরগোশ ও র্যাবিট এক নয়, যদিও ভাসাভাসা ভাবে উভয়কে একই মনে হয়। যৌক্তিক বুদ্ধিবৃত্তিক ব্যাখ্যা হল, লেবীয় পুস্তকের লেখক বাহ্যত জীববিজ্ঞানের সবচেয়ে প্রাথমিক বিষয়াদিও তেমন বুঝতেন না। বিষ্ঠা বা গোবরের দলা জাবর নয়। জাবর আসে জাবরকাটা প্রাণির পাকস্থলীর মধ্যে অবস্থিত 'রুমেন' নামক কুঠরি থেকে। পক্ষান্তরে গোবর দলা আসে নিম্ন অন্ত্র থেকে। এছাড়া খরগোশের ক্ষেত্রে বিষ্ঠা ভক্ষণ খুবই কম দেখা যায়। সর্বোপরি, এটা যদি ঈশ্বরের বাক্য হয় তবে এ কথার দ্বারা তিনি প্রমাণ করছেন যে, যা তিনি সৃষ্টি করেছেন বলে বলা হচ্ছে সে বিষয়ে তিনি ভাল রকমই



অজ্ঞ!"[2]

ফুটনোট

- [1] http://www.bidstrup.com/bible2.htm
- [2] http://www.bidstrup.com/bible2.htm

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14145

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন